ITO Endorse copy

| বায়রা সচিবালয়, ঢাকা | |
|---|---|
| সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.............. | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.................. | |
| বিশেষণনিষ্ট | |
| ডকেট/ডায়েরী নং ২০২৯ | |
| তারিখ ও সময় ০৪/১০ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২ কাকরাইল, ঢাকা
বহির্গমন শাখা
www.bmet.gov.bd

বিষয় : মধ্যপ্রাচ্যগামী কর্মীদের বিমানবন্দরে মর্যাদাপূর্ণ সেবা প্রদান সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহ্ আবদুল তারিক
অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা

তারিখ : ০৩-১০-২০২৪ খ্রি:, সময়: দুপুর ১২:০০ ঘটিকা

স্থান : অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)-এর কক্ষ, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা

(উপস্থিতির স্বাক্ষর 'ক' তালিকায় সংযুক্ত)

মধ্যপ্রাচ্যগামী কর্মীদের বিমানবন্দরে মর্যাদাপূর্ণ সেবা প্রদানের জন্য করণীয় নির্ধারণ করতে গঠিত কমিটির সভায় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় সদস্যগণ মত প্রকাশ করেন যে, মধ্যপ্রাচ্যগামী কর্মীদের বিমানবন্দরে মর্যাদাপূর্ণ সেবা প্রদানের জন্য কর্মীদের বিএমইটি Clearance Card দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখার যে নির্দেশনা দেয়া হয়েছে তা বাস্তবায়ন করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বিএমইটি Clearance Card দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন। মতামত এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। তদুপরী এ বিষয়ে বিএমইটি'র মহাপরিচালক মহোদয় কিছু নির্দেশনা প্রদান করে যা সভায় উপস্থাপন করা হয়। সার্বিক বিষয় পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | বিএমইটি Clearance Card দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখা সংক্রান্ত আলোচনা | বিমানবন্দরে বিএমইটি Clearance Card দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখার ক্ষেত্রে ফিতা সম্বলিত লেমিনেটেড কার্ডের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ওয়ান স্টপ সংক্রান্ত ক্লিয়ারেন্সের ক্ষেত্রে আমি প্রবাসী সাক্ষাৎকারের সময় ফিতা প্রদান করবে এবং অফলাইন ক্লিয়ারেন্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সী ফিতা প্রদান করবে। | আইটি শাখা, বিএমইটি ও বহির্গমন শাখা, বিএমইটি |
| ২. | ফিতার কালার নির্দিষ্ট করা | ফিতার বিবরণ:<br>• ১/২ ইঞ্চি চওড়া<br>• সবুজ ফিতা<br>• BMET লেখা এবং সরকারী লোগো | রিক্রুটিং এজেন্সী ও আমি প্রবাসী |
| ৩. | বিএমইটি কর্তৃক অনুমোদিত বহির্গমনের অনুকূলে কর্মী ও রিক্রুটিং এজেন্সিকে বাংলায় ম্যাসেজ পাঠানোর বিষয়ে আলোচনা। | আমি প্রবাসী কর্তৃক বিএমইটি Clearance Card Download সংক্রান্ত প্রেরিত মেসেজের সাথে অতিরিক্ত মেসেজ হিসেবে **'সরকার মর্যাদাপূর্ণ অভিবাসনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। বিদেশ গমনকালে সেবা প্রাপ্তির জন্য বিমানবন্দরে প্রবেশের সময় লেমিনেটিংকৃত বিএমইটি'র স্মার্ট কার্ড ঝুলিয়ে প্রদর্শন করুন'** সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও যেসকল রিক্রুটিং এজেন্সী মধ্যপ্রাচ্যে কর্মী পাঠায় তাদেরকে ফোনে বিষয়টি অবহিত করারও সিদ্ধান্ত গৃহীত হয়। | আমি প্রবাসী |
| ৪. | বিএমইটি'র ওয়েবসাইটে নোটিশ আকারে প্রদর্শন করা | বিএমইটি'র ওয়েব সাইটে বিএমইটি কার্ড নিয়ে মধ্যপ্রাচ্যগামী কর্মীদের বিমানবন্দরে মর্যাদাপূর্ণ সেবা প্রদানের প্রত্যেক কর্মীকে তার বিএমইটি Clearance Card দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখার নির্দেশনাটি বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | আইটি শাখা, বিএমইটি |
| ৫. | সকল পিডিও সেশনে বিদেশগামী কর্মীদেরকে অবহিত করা বায়রাসহ সকল রিক্রুটিং এজেন্সিকে অবহিত করা | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, টিটিসি বিদেশগামী কর্মীদের প্রাক বহির্গমন প্রশিক্ষণ কালে সকল কর্মীকে বিষয়টি অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিইএমও ও টিটিসি (সকল) |

৬৮

প্রমাণ

| | | | |
|---|---|---|---|
| ৬. | পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ | মর্যাদাপূর্ণ অভিবাসন ও বিমানবন্দরে প্রবাসীদের বিশেষ সেবার বিষয়টি ব্যাপক প্রচারের লক্ষ্যে দেশের জাতীয় পত্রিকা ও বিজ্ঞপ্তি প্রকাশসহ ব্যানার ও ফেস্টুন আকারে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও অর্থ শাখা, বিএমইটি |
| ৭. | ব্যাপক প্রচারে লক্ষ্যে ব্যানার ও ফেস্টুন তৈরি | | |

সভার আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/২৪

(শাহ্ আবদুল তারিক)
অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)
ও
সভাপতি, বিএমইটি

স্মারক নং: ৪৯.০১.০০০০.০৪০.১৮.০০৫.২৩- ৮৯৭

তারিখ: ০৭/১০/২০২৪ খ্রি.

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ঢাকা
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন), বিএমইটি, কাকরাইল, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সভাপতি, বায়রা, ঢাকা

---

# বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৪/৫৮৩

তারিখঃ ০৯/১০/২০২৪

**মধ্যপ্রাচ্যগামী কর্মীদের বিমানবন্দরে মর্যাদাপূর্ণ সেবা প্রদান সংক্রান্তে বিএমইটি তে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী/সিদ্ধান্ত সদয়** অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ২ পাতা

০৯/১০/২৪

**(কে,এম, রুহুল আমীন)**
সচিব, বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থেঃ সম্মানিত সদস্য (সকল),
বায়রা ( নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ এ প্রেরিত)।

**সদয় জ্ঞাতার্থেঃ** ১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা (দৃ: আ: জনাব শাহ্ আবদুল তারিক, অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)
২। সম্মনিত সভাপতি (ভারপ্রাপ্ত)/মহাসচিব, বায়রা।